যুগান্তর

MAY 29 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ...৬... কলাম ...২...

# শাবি শিক্ষকদের কর্মবিরতি শুরু : গ্রীষ্মকালীন ছুটি ২ থেকে ২২ জুন

শাবি প্রতিনিধি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন সময় সংঘটিত সহিংস ঘটনায় অভিযুক্ত

শাবি : পৃষ্ঠা : ২ কলাম : ৫

## শাবি : কর্মবিরতি

(শেষ পৃষ্ঠার পর)

ছাত্রদের বহিষ্কারের দাবিতে শাবি শিক্ষক সমিতির ডাকা কর্মবিরতি কর্মসূচির প্রথম দিন গতকাল মঙ্গলবার যথাযথভাবে পালিত হয়েছে। গতকাল দুপুর ১টা পর্যন্ত কোন ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। উদ্ভূত পরিস্থিতিতে একাডেমিক কাউন্সিলের জরুরি সভায় ২ জুন থেকে ২২ জুন পর্যন্ত গ্রীষ্মকালীন ছুটির সিদ্ধান্ত নেয়া হয়। একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী এই ছুটি ২৩ জুন থেকে হওয়ার কথা ছিল। আজ সিন্ডিকেটের জরুরি সভায় অভিযুক্ত ছাত্রদের ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়া হতে পারে বলে জানা যায়।

গতকাল প্রতিটি বিভাগের ছাত্রছাত্রীদের ক্যাম্পাসে উপস্থিতি থাকলেও দুপুর ১টা পর্যন্ত কোন বিভাগে ক্লাস ও পরীক্ষা হয়নি। বেশির ভাগ শিক্ষকের চেম্বারে তালা ঝুলতে দেখা গেছে। এই অবসরে ছাত্রছাত্রীরা ক্যান্টিন, গোল চত্বর, কেন্দ্রীয় শহীদ মিনারে তুমুল আড্ডায় মশগুল থাকে। তবে বেলা ২টা থেকে প্রতিটি বিভাগে যথারীতি ক্লাস ও পরীক্ষা অনুষ্ঠিত হয়। আজ ও আগামীকাল শিক্ষকদের অর্ধদিবস কর্মবিরতি পালনের কর্মসূচি অব্যাহত থাকবে।